

বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের ধর্মঘট

অব্যাহত

(ইন্ডেক্স রিপোর্ট)

বেসরকারী মাধ্যমিক শিক্ষক-

দের ধর্মঘট গতকালও অব্যাহত থাকে। আবদুন নূর-নজরুলের নেতৃত্বাধীন শিক্ষক সংগঠনের উদ্যোগে গতকাল ধর্মঘটী শিক্ষকদের এক সভায় দাবী না মানা পর্যন্ত এসএসসি পরীক্ষার দায়িত্ব (৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

শিক্ষকদের ধর্মঘট অব্যাহত

(১ম পৃঃ পর)

পালনসহ সকল প্রকার কাজ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। নির্দেশে বলা হয়, বিনাশর্তে শিক্ষক নেতাদের মুক্তি, গ্রেফতারী পরোয়ানা প্রত্যাহার, শিক্ষক প্রশিক্ষণার্থীদের হোটেলে খুলিয়া দেওয়ার দাবী জানানো হয়। এ সংগঠনের কোন কোন কর্মকর্তা শিক্ষাসদনে মঙ্গলবার রাতে শিক্ষা অফিসারদের সহিত আলোচনা করেন। তাঁহাদিগকে আগে ধর্মঘট প্রত্যাহার করিয়া আলোচনা করার অনুরোধ জানানো হইলে তাঁহারা সেই অনুরোধ প্রত্যাখ্যান করিয়া আলোচনা ত্যাগ করেন। একটি সূত্র জানায়, তাঁহারা সরাসরি প্রেসিডেন্টের সহিত সাক্ষাতের ইচ্ছাও ব্যক্ত করিয়াছিলেন। তবে বুধবার রাতে এমদাদ হোসেন পাটোয়ারী স্বাক্ষরিত 'আবদুন নূর-নজরুল' গ্রুপের প্রেস বিজ্ঞপ্তিতে মঙ্গলবার রাতে আলোচনার বসার কথা অস্বীকার করিয়া বলা হয়, উক্ত আলোচনার সহিত 'বাংলাদেশ শিক্ষক সমন্বয় পরিষদের' কোন সম্পর্ক নাই। নূর-নজরুল গ্রুপে অপার তিনটি গ্রুপের সহিত এ পরিষদ গঠন করিয়াছে। মঙ্গলবারের মিছিলে তাঁহারা ৬ই মার্চ হরতাল পালনের আহ্বান জানাইয়াছিলেন। গতকাল আর হরতালের কথা উল্লেখ করা হয় নাই।

এদিকে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক শিক্ষকরা গতকাল সন্ধ্যায় প্রেসিডেন্টের সহিত সাক্ষাতের কথা বলিয়াছিলেন। কিন্তু সন্ধ্যায় ৯টা ২০ মিনিট পর্যন্ত তাহাদের কেহ প্রেসিডেন্টের সহিত সাক্ষাৎ করিতে আসেন নাই। ধর্মঘটীদের বিদ্রোহিত প্রচারণা ও কর্মসূচীর ফলে কয়েক লক্ষ ছাত্র-ছাত্রীর পরীক্ষার মুহূর্তে অভিভাবকদের মধ্যে নিদারুণ উৎকণ্ঠার সৃষ্টি হইয়াছে। অভিভাবকরা পরীক্ষার পূর্বেদিন পরীক্ষার্থীদের লইয়া এই ঢাকা শহরেও পরীক্ষা কেন্দ্র হইতে কেন্দ্রে ছুটিতেছিলেন।

শেখ আমানুল্লাহর নেতৃত্বাধীন শিক্ষক সমিতি এসএসসি পরীক্ষা গ্রহণে সহযোগিতা করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানাইয়াছে।

১৫ দল বলিয়াছে, শিক্ষক ধর্মঘট নিরসন না হওয়ার ৪টি বোর্ডের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ শিক্ষা জীবন অনিশ্চিত হইয়া পড়িতে পারে। গ্রেফতারকৃত শিক্ষকদের মুক্তি প্রদান করিয়া আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য ১৫ দল আহ্বান জানাইয়াছে।

এদিকে, সুপ্রীমকোর্ট বার এসোনিরেশন ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের ২ দফা দাবী ও শিক্ষক গ্রেফতারের প্রতিবাদে আজ (বৃহস্পতিবার) আদালত বর্জন করিবে। বারের আইন-

জীবগণ সকাল সাড়ে ১০টার বার-এ জমায়েত ও পরে বিকোভ মিছিল বাহির করিবেন। কিন্তু ঢাকা আইনজীবী সমিতির সদস্যগণ আজ (বৃহস্পতিবার) আদালত বর্জন করিবেন না। গতকাল (বুধবার) ঢাকা আইনজীবী সমিতির এক সভায় ধর্মঘটী বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের দাবীর সমর্থনে আজ (বৃহস্পতিবার) আদালত কর্তন না করার সিদ্ধান্ত নেওয়া হয়।